



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর দপ্তর



...

সভাপতি	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক সার্ভেয়ার জেনারেল
সভার তারিখ	১৩ এপ্রিল ২০২২
সভার সময়	বেলা ২:০০ ঘটিকা
স্থান	বাংলাদেশ জরিপ অধিদপ্তরের তেজগাঁও ক্যাম্পাসের অফিস প্রাঙ্গণ
উপস্থিতি	বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী

২০২১-২২ অর্থবছরের বাংলাদেশ জরিপ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমের অংশ হিসাবে প্রাতিষ্ঠানিক গণশুনানী সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর সভাপতিত্বে অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণের উপস্থিতিতে বিগত ১৩ এপ্রিল ২০২২ তারিখে অধিদপ্তর প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। পবিত্র কোরান তেলাওয়াত ও পবিত্র গীতা পাঠের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভায় নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করা হয়:

ক্রমিক	বিষয়	আলোচনা	নির্দেশনা
০১.	প্রাতিষ্ঠানিক গণশুনানী সম্পর্কে সংক্ষিপ্ত পরিচিতি	সভার শুরুতেই জনাব মোহাম্মদ আবদুল হাই, সহকারী পরিচালক (জরিপ) প্রাতিষ্ঠানিক গণশুনানী সম্পর্কে সংক্ষিপ্ত পরিচিতি অর্থাৎ প্রাতিষ্ঠানিক গণশুনানীর প্রেক্ষাপট, কার্যক্রম এবং প্রয়োজনীয়তা সম্পর্কে আলোকপাত করেন।	
০২.	সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর বক্তব্য এবং উন্মুক্ত আলোচনা	সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ তাঁর প্রারম্ভিক বক্তব্যে সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণের প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত শুদ্ধাচার, কর্মপরিশেষ উন্নয়নসহ অধিদপ্তরের বিভিন্ন প্রাসঙ্গিক বিষয়ে আলোকপাত করেন। অতঃপর সভায় উপস্থিত সকলকে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের আহবান জানান। এর প্রেক্ষিতে অধিদপ্তরে কর্মরত কর্মচারীগণের পক্ষ হতে নির্বাচিত কিছু সংখ্যক কর্মচারী আলোচনায় অংশগ্রহণ করেন। উক্ত আলোচনায় নিম্নরূপ বিষয়সমূহ উত্থাপিত হয়- ক) মাঠ-মৌসুমে ফিল্ড চলাকালীন কর্মচারীদের জন্য উন্নত মানের ক্যাম্পখাট সরবরাহকরণ; খ) অধিদপ্তরের বিভিন্ন অফিস/ইউনিটে পুরাতন ও ব্যবহার অযোগ্য চেয়ার-টেবিল বাতিল করে নতুন চেয়ার-টেবিল সরবরাহ করা; গ) অধিদপ্তরের বিভাগীয় ও বহিঃবিভাগীয় বিভিন্ন প্রশিক্ষণে সকল স্তরের কর্মচারীগণকে সমান সুযোগ প্রদান করা; এক্ষেত্রে অধিদপ্তরে কর্মরত স্টোর কিপারগণকেও প্রশিক্ষণের সুযোগ প্রদান; ঘ) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থাসমূহের ন্যায় রেশন সুবিধা ও সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসা সুবিধা প্রদান; ঙ) লিথু যুদ্ধ অফিসে কর্মরত কর্মচারীগণের জন্য ঝুঁকিভাতা সুবিধা প্রদান; চ) ডিএমসিতে কর্মরত কর্মচারীগণকে সেনানিবাসের ভেতর দিয়ে চলাচলের ক্ষেত্রে যথাযথ আইডি কার্ড না থাকায় সমস্যার সন্মুখীন হতে হচ্ছে। এমতাবস্থায় অধিদপ্তরের সকল স্তরের	আলোচনার প্রেক্ষিতে সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ কর্তৃক নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়: ক) কর্মচারীদের জন্য উন্নতমানের ক্যাম্পখাট কেনার কাজ প্রায় সমাপ্তির পথে। আগামী মাঠ-মৌসুমে ফিল্ডে ব্যবহারের জন্য তা সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হবে। খ) অধিদপ্তরের কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের জন্য সরকারিভাবে আসবাবপত্র ক্রয় কার্যক্রম প্রায় সমাপ্তির পথে। আগামী অর্থবছরের শুরুতেই উক্ত আসবাবপত্রসমূহ অফিস/ইউনিট সমূহে সরবরাহ করা হবে। গ) অধিদপ্তরের বিভাগীয় ও বহিঃবিভাগীয় বিভিন্ন প্রশিক্ষণে সকল স্তরের কর্মচারীগণকে সমান সুযোগ প্রদানসহ অধিদপ্তরে কর্মরত স্টোর কিপারগণকেও প্রশিক্ষণের আওতায় আনার বিষয়ে সার্ভেয়ার জেনারেল মহোদয় আশ্বাস প্রদান করেন। ঘ) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের

		কর্মকর্তা/কর্মচারীগণকে যথাশীঘ্র সম্ভব নতুন আইডি কার্ড প্রদান;	<p>আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থাসমূহের ন্যায় রেশন সুবিধা ও সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসা সুবিধা প্রদান সংক্রান্ত বিষয়ে ইতিপূর্বেই মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলেও তা ফলপ্রসূ হয়নি। তদসত্ত্বেও এ বিষয়ে পুনরায় মন্ত্রণালয়ের সাথে যোগাযোগের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।</p> <p>ঙ) লিথু মুদ্রণ অফিসে কর্মরত কর্মচারীগণের জন্য ঝুঁকিভাতা সুবিধা প্রদান বিষয়ে এর সম্ভাব্যতা যাচাই এর জন্য নির্দেশনা প্রদান করা হয়।</p> <p>চ) অধিদপ্তরের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে যথাশীঘ্র সম্ভব নতুন আইডি কার্ড প্রদান এর বিষয়ে জরুরীভিত্তিতে কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।</p>
--	--	---	--

আলোচনার শেষে সভার সমাপ্তির পূর্বে ২০২০-২০২১ অর্থবছরে অধিদপ্তরের শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত ১-১০ গ্রেডের একজন কর্মচারী ও ১১-২০ গ্রেডের একজন কর্মচারীকে পুরস্কার হিসাবে মহামূল্যবান বই প্রদান করা হয়।

আগামী অর্থবছরের শুদ্ধাচার কৌশল পরিকল্পনায় ০২টি (প্রতি ছয়মাস অন্তর) প্রাতিষ্ঠানিক গণশুনানী অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর স্ব স্ব ক্ষেত্রে সু-আচরণ ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত চারিত্রিক উন্নয়ন ও সদাচার প্রতিষ্ঠার আহ্বান জানিয়ে সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ কর্তৃক প্রাতিষ্ঠানিক গণশুনানীর সমাপ্তি ঘোষণা করা হয়।



ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক
সার্ভেয়ার জেনারেল

স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০০১.১৭.৩১৪

তারিখ: ১১ বৈশাখ ১৪২৯

২৪ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) বাংলাদেশ জরিপ অধিদপ্তর পত্রজারী গুপ (জি)



ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক
সার্ভেয়ার জেনারেল